

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন)  
পর্যটন ভবন (লেভেল ৬-৭), ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

নং-৩৬.১২.০০০০.০৩৫.১১.০০১.২০/৮২৯

তারিখ: ১৮/০৭/২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন) এর উপব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) পদে চুক্তিভিত্তিক এবং সহকারী ব্যবস্থাপক পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে পূর্ণাঙ্গা জীবন বৃত্তান্তসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

উপব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) (চুক্তিভিত্তিক পদ)	০১ জন	শিক্ষা জীবনের সকল স্তরে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ মাস্টার্স বা সমমানের ডিগ্রী থাকতে হবে। সুপ্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান/সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে (অর্থনৈতিক উন্নয়ন, কমসংস্থান সৃষ্টি এবং দারিদ্র বিমোচন) প্রথম শ্রেণীর নিবাহী পদে কমপক্ষে ২০ (বিশ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। এসএমই সেক্টরে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। [উপব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) পদের জন্য এটি পুনঃবিজ্ঞপ্তি। যারা ইতোপূর্বে বর্ণিত পদে চাকুরীর জন্য আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।]
সহকারী ব্যবস্থাপক (স্থায়ী পদ)	১০ জন	শিক্ষা জীবনের সকল স্তরে কমপক্ষে দুটি প্রথম বিভাগ/শ্রেণী বা সমমানের জিপিএসহ সকল পরীক্ষায় অনূন্য দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ মাস্টার্স বা সমমানের ডিগ্রী, তবে তৃতীয় বিভাগ/শ্রেণী নয়। কারিগরি বা ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিএসসি বা সমমানের ডিগ্রী।

বয়স: ১২ আগষ্ট ২০২১ তারিখে

উপব্যবস্থাপনা পরিচালক	সর্বোচ্চ ৬০ বছর
সহকারী ব্যবস্থাপক	সর্বোচ্চ ৩০ বছর

### বেতন ও অন্যান্য ভাতাদি:

উপব্যবস্থাপনা পরিচালক	সর্বসাকুল্যে ১,৭৮,১০০ টাকা; মূল বেতন ৯২,২৫০/- টাকা হিসেবে উৎসব ভাতা এবং ঢাকা বাহিরে ভ্রমণের ক্ষেত্রে প্রাপ্যতা অনুসারে ভ্রমণ ভাতা প্রাপ্য।
সহকারী ব্যবস্থাপক	২৬,০০০-১,৬৩৫*৭-৩২,০০০-১,৪৫০*৭-৪২,৩০০, বাড়ী ভাড়া মূল বেতনের ৬০% এবং ফাউন্ডেশনের নিয়মানুসারে অন্যান্য ভাতা।



**আয়কর** : আয়কর ফাউন্ডেশন কর্তৃক প্রদান করা হবে।

**গাড়ি** : উপব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) কে দাপ্তরিক প্রয়োজনে গাড়ি প্রদান করা হবে।

**উপব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) পদে চুক্তির মেয়াদ**: প্রাথমিকভাবে চুক্তির মেয়াদ ০১ (এক) বছর, তবে সন্তোষজনকভাবে দায়িত্ব পালন সাপেক্ষে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।

**আবেদন প্রক্রিয়া**: চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং “এসএমই ফাউন্ডেশন জেনারেল একাউন্ট” এর অনুকূলে ৫০০/টাকার পে-অর্ডার সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদন বা প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করা না হলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য করা হবে।

**আবেদনের সময়সীমা**: আগামী ১২ আগস্ট ২০২১ তারিখ বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, পর্যটন ভবন (৭ম-৮ম তলা), প্লট: ই-৫ সি/১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭, বরাবর প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**বিশেষ দৃষ্টব্য:**

- ১। করোনা জনিত চলমান বিধি নিষেধ আগামী ১২ আগস্ট ২০২১ পর্যন্ত বর্ধিত হলে শুধুমাত্র আবেদনপত্র ও পে-অর্ডারের স্ক্যান কপি [info@smef.gov.bd](mailto:info@smef.gov.bd)-তে ১২ আগস্ট ২০২১ বিকাল ৫.০০ টার মধ্যে প্রেরণ করতে হবে। বিধি নিষেধ শিথিল/প্রত্যাহার হওয়ার পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে মূল কপি পাঠাতে হবে।
- ২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, স্থগিত বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

  
ড. মোঃ মফিজুর রহমান  
ব্যবস্থাপনা পরিচালক